

স্মারক নং-৩৭.০২.০০০০.১১৬.৩৫.০১০.১৬/৫৫


তারিখ: ২৬/০৫/২০১৯খ্রি.

বিষয়: ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রেরণ এবং সরকারি কলেজসমূহ'র সাথে এপিএ চুক্তি স্বাক্ষর।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্যন্ত উদ্বিগ্নের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, বার বার নির্দেশনা দেয়া সত্ত্বেও মাঠ পর্যায়ের কিছু কিছু কার্যালয়ে যথাযথ ভাবে এপিএ ক্যালেন্ডার ও সংশোধিত নির্দেশমালা অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন কার্যক্রম পরিচালিত হচ্ছে না। যা ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং অত্র অধিদপ্তরের গোচরীভূত হয়েছে। বিষয়টি অনভিপ্রেত। ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো –

১. প্রত্যেক আঞ্চলিক কার্যালয়ের পরিচালকগণ সরকারি কলেজের (জাতীয়করণ বিধিমালা ২০১৮ এর অধীনে জাতীয়করণকৃত কলেজ ব্যতীত) অধ্যক্ষগণের সাথে ২০/০৬/২০১৯ এর পূর্বে চুক্তি স্বাক্ষর করবেন। এ লক্ষ্যে আঞ্চলিক পরিচালকগণ গৃহীত প্রশিক্ষণের আলোকে অধ্যক্ষগণকে সার্বিক সহায়তা প্রদান করবেন।
২. প্রত্যেক আঞ্চলিক কার্যালয়ের পরিচালক এবং উপপরিচালকগণ আগামী ৩০/০৫/২০১৯খ্রি. তারিখের মধ্যে মাউশি এবং আঞ্চলিক কার্যালয়ের মধ্যে স্বাক্ষরিতব্য ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত খসড়া ই-মেইলে সফটকপি ashekulhoque@gmail.com ঠিকানায় এবং ডাকযোগে হার্ডকপি নিম্নস্বাক্ষরকারী (কক্ষ নং-৫২৯, ১ম ব্লক) বরাবর প্রেরণ করবেন।
৩. জেলা শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ আগামী ৩০/০৫/২০১৯খ্রি. তারিখের মধ্যে জেলা শিক্ষা অফিস এবং আঞ্চলিক কার্যালয়ের মধ্যে স্বাক্ষরিতব্য ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত খসড়া (সফটকপি ও হার্ডকপি) আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবেন।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়সমূহ আগামী ৩০/০৫/২০১৯খ্রি. তারিখের মধ্যে জেলা শিক্ষা অফিস এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের মধ্যে স্বাক্ষরিতব্য ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত খসড়া (সফটকপি ও হার্ডকপি) জেলা শিক্ষা অফিসারের কার্যালয়ে প্রেরণ করবেন।
৫. অধীনস্থ কার্যালয় কর্তৃক দাখিলকৃত খসড়া'র উপর সংশ্লিষ্ট কার্যালয় পরবর্তী ০২দিনের মধ্যে ফিডব্যাক অধীনস্থ কার্যালয়ে প্রেরণ করবেন।
৬. প্রত্যেক কার্যালয় আবশ্যিকভাবে উর্ধ্বতন কার্যালয়ের সাথে ২০/০৬/২০১৯ এর পূর্বে চুক্তি স্বাক্ষর করবেন।
৭. ৯টি আঞ্চলিক কার্যালয়ের সাথে মাউশি অধিদপ্তরের চুক্তি ১২/০৬/২০১৯ হতে ১৮/০৬/২০১৯ তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে আনুষ্ঠানিকভাবে স্বাক্ষরিত হবে। নির্ধারিত তারিখ পরবর্তীতে জানানো হবে।
৮. প্রত্যেক কার্যালয় তাঁর সংশ্লিষ্ট উর্ধ্বতন এবং অধীনস্থ কার্যালয়ের এপিএ প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দায়ী থাকবেন।

যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে পত্র জারি করা হলো।


(আশেকুল হক)

সহকারী পরিচালক (এইচআরএম)
সদস্য সচিব
'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' কমিটি
০১৭১১-৭০৪৭২৫

প্রয়োজনীয় কার্যার্থে :

১. পরিচালক, আঞ্চলিক কার্যালয় (সকল)
২. অধ্যক্ষ, (জাতীয়করণ বিধিমালা ২০১৮ এর অধীনে জাতীয়করণকৃত কলেজ ব্যতীত)
৩. উপপরিচালক (মাধ্যমিক), আঞ্চলিক কার্যালয় (সকল)
৪. জেলা শিক্ষা অফিসার (সকল)
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পত্রটি মাউশির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
৩. অফিস কপি